# বন্যার ১০ দিন পর নেপালের টানেল থেকে জীবিত উদ্ধার চীনা নাগরিক



ছবি: সংগৃহীত

ভয়াবহ বন্যার ধ্বংসযজ্ঞের ১০ দিন পর নেপালে একটি জলবিদ্যুৎ প্রকল্পের টানেল থেকে এক চীনা নাগরিককে জীবিত উদ্ধার করেছেন উদ্ধারকর্মীরা। শনিবার (৫ সেপ্টেম্বর) দেশটির কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে। খবর রয়টার্সের।

উদ্ধার হওয়া ব্যক্তির নাম লু হাইতাও। কর্তৃপক্ষ জানিয়েছে, তার শরীরে কোনো দৃশ্যমান আঘাত পাওয়া যায়নি। শারীরিক অবস্থা স্থিতিশীল থাকলেও তার মধ্যে সামান্য হাইপোথার্মিয়ার লক্ষণ রয়েছে।

নেপালের সেনাবাহিনী ও উদ্ধারকারী দলের ধারণা, বন্যাকবলিত বিভিন্ন টানেলের ভেতরে এখনও প্রায় ৯০০ মানুষ আটকা পড়ে থাকতে পারেন। লু হাইতাওকে জীবিত উদ্ধারের মধ্য দিয়ে এসব টানেল থেকে এখন পর্যন্ত তিনজনকে জীবিত বের করে আনা সম্ভব হয়েছে।

এর আগে শুক্রবার (৪ সেপ্টেম্বর) একই নদীর তীরবর্তী আপার ত্রিশুলি-৩এ জলবিদ্যুৎ প্রকল্পের একটি টানেল থেকে দুজনকে জীবিত উদ্ধার করা হয়। তাদের উদ্ধারের পর আরও মানুষ জীবিত অবস্থায় টানেলের ভেতরে থাকতে পারেন বলে নতুন করে আশা তৈরি হয়।

এদিকে, নেপালের দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, সাম্প্রতিক এই ভয়াবহ বন্যায় দেশটিতে অন্তত ১ হাজার ৩৪৪ জনের মৃত্যু হয়েছে। এখনও প্রায় ৪ হাজার ৮৮৭ জন নিখোঁজ রয়েছেন। নিখোঁজদের মধ্যে রয়েছেন ৫৮৩ জন বিদেশি নাগরিক, যাদের অনেকেই তীর্থযাত্রী ও ট্রেকার।

বন্যার প্রভাব পড়েছে সীমান্তের অপর পাশের তিব্বতেও। চীনের দেওয়া তথ্য অনুযায়ী, সেখানে এখন পর্যন্ত ৩১ জনের মৃত্যু হয়েছে এবং ৫৩১ জন নিখোঁজ রয়েছেন। নিখোঁজ ব্যক্তিদের মধ্যে ২৬১ জন বিদেশি নাগরিক রয়েছেন বলেও জানিয়েছে কর্তৃপক্ষ।

LENS ASIA